



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নম্বর-বিঅ-৬/৩৫৮

তারিখ : ৩০-০৫-২০২৩ খ্রি.

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) বিদ্যালয় মঞ্জুরি কমিটির ০৩-০৪-২০২৩ তারিখের ৫৬তম সভার সিদ্ধান্ত এবং বোর্ড কমিটির ২৬৯তম সভায় অনুমোদনকৃত।  
খ) প্রধান শিক্ষকের ১৭-০৯-২০১৯ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিগত ০৩-০৪-২০২৩ খ্রি. তারিখের ৫৬তম বিদ্যালয় মঞ্জুরি কমিটির ০৩ (তিন) নং আলোচ্যসূচির ০১ (এক) নং ক্রমিকের সিদ্ধান্ত অনুযায়ী নিম্নবর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে ০১-০১-২০২৩ খ্রি. তারিখ হতে ৩১-১২-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহ :**

- ১। প্রাথমিক পর্যায়ে ০৩ (তিন) শিক্ষাবর্ষের জন্য পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।
- ২। পাঠদানের প্রাথমিক অনুমতি প্রাপ্তির পর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় ফিসসহ বোর্ডে অনলাইনে প্রবিধান-২০০৯ এর ৪৮ ধারা মোতাবেক নির্বাহী কমিটির আবেদন দাখিল করতে হবে।
- ৩। পাঠদানে অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান ব্যানবেইসে আবেদন করে তথ্যাদি জমা প্রদানপূর্বক Educational Institute Identification Number (EIIN) সংগ্রহ করতে হবে।
- ৪। পাঠদানে অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান Educational Institute Identification Number (EIIN) প্রাপ্তির পর আবেদন করে তথ্যাদি জমা প্রদানপূর্বক শিক্ষা বোর্ড থেকে শিক্ষা প্রতিষ্ঠান কোড সংগ্রহ করতে হবে।
- ৫। শিক্ষা প্রতিষ্ঠানের যাবতীয় তথ্যাদি (যেমন : শিক্ষক কর্মচারীর নাম, এনআইডি (NID) ও মোবাইল নম্বর, শিক্ষার্থী, পরীক্ষার্থী, জমি ও ভবন ইত্যাদি) সবসময় হালনাগাদ করে রাখতে হবে।
- ৬। পাঠদানের প্রাথমিক অনুমতিকে কোনোক্রমেই একাডেমিক স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।
- ৭। সহপাঠক্রমিক কার্যক্রম (যেমন : জাতীয় দিবসসমূহ বার্ষিক ক্রীড়া/খেলাধুলা/সাঁতার, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বিতর্ক প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, বৃক্ষরোপন, স্কাউটিং/গার্লস গাইড, স্টুডেন্ট কেবিনেট, পরিষ্কার-পরিছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ৮। জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড অনুমোদিত এবং সরকারি নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যালয় অঙ্গনে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষ রোপন করে উহা রক্ষণাবেক্ষণ করতে হবে।
- ১০। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ইন্টারনেট ব্যবহার উপযোগী কম্পিউটার/প্রত্যেক শিক্ষকের ই-মেইল আইডি থাকতে হবে।
- ১১। ভর্তি, নিবন্ধন বা পরীক্ষা সংক্রান্ত কার্যক্রমসহ সর্বক্ষেত্রে বোর্ড অথবা সরকার কর্তৃক নির্ধারিত ফিসের অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না।
- ১২। পাবলিক পরীক্ষার ফলাফল গুণগত এবং সংখ্যাগতভাবে সন্তোষজনক করতে হবে।
- ১৩। ছাত্রদের স্কাউট এবং ছাত্রীদের জন্য গার্লস গাইড কার্যক্রম চালু করতে হবে।
- ১৪। লাইব্রেরি ব্যবস্থাপনা সফটওয়্যারে নিজ নিজ প্রতিষ্ঠানের গ্রন্থাগারের বইয়ের ক্যাটালগ আপলোড করতে হবে।
- ১৫। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ট ফান্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দ বিধি মোতাবেক নির্ধারিত হারে চাঁদা কর্তন করবেন এবং বিদ্যালয় কর্তৃপক্ষ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর হিসাবে সমপরিমাণ চাঁদা প্রদান করবেন।

প্রধান শিক্ষক  
আলমডাঙ্গা একাডেমি  
ওয়াপদা, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা


২৪/৫  
(মোঃ সিরাজুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

স্মারক নম্বর-বিঅ-৬/৩৫৮(১-৯)

তারিখ : ৩০-০৫-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

- ১। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা।
- ৮। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৯। সংরক্ষণ নথি।

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
